গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
পরিকল্পনা ৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

**বিষয়: ০১ জুলাই ২০২১ হতে ৩১ জুলাই ২০২১ পর্যন্ত সময়ের মাসিক এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | তপন কান্তি ঘোষ<br>সচিব, বাণিজ্য মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৯ আগস্ট ২০২১ |
| সময় | : | সকাল ১১:৩০ টা |
| সভার স্থান | : | বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ এবং জুম প্লাটফরম |
| উপস্থিতি | : | রেকর্ডেড/কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'। |

২.০ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (উন্নয়ন) মন্ত্রণালয়ের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের সার্বিক চিত্র সভায় উপস্থাপন করেন। তিনি জানান, বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের এডিপিতে বাংলাদেশ সরকার/নিজস্ব তহবিল/প্রকল্প সাহায্যপুষ্ট এবং নিজস্ব অর্থায়নপুষ্ট ০৯টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে; যার মধ্যে ০৬ টি বিনিয়োগ ও ০৩ টি কারিগরি সহায়তা প্রকল্প। এ সকল প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরে ৪১০.৫১ কোটি টাকা বরাদ্দ রয়েছে, যার মধ্যে জিওবি ৫৪.৫১ কোটি টাকা, প্রকল্প সাহায্য ৩৩২.০৫ কোটি টাকা এবং নিজস্ব ২৩.৯৫ কোটি টাকা। ০১ জুলাই ২০২১ হতে ৩১ জুলাই ২০২১ পর্যন্ত সময়কালে জিওবি/নিজস্ব তহবিল/পিএ অর্থায়নে বাস্তবায়নাধীন ০৮ টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ৪০৯.৪৮ কোটি টাকার বিপরীতে ০.২৯ কোটি টাকা ব্যয় হয়েছে যা বরাদ্দের ০.০৭%। এছাড়া, সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ০১টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ১.০৩ কোটি টাকার বিপরীতে কোন অর্থ ব্যয় হয়নি। সার্বিকভাবে এ মন্ত্রণালয়ের ০৯ টি প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত ৪১০.৫১ কোটি টাকার বিপরীতে ০১ জুলাই ২০২১ হতে ৩১ জুলাই ২০২১ পর্যন্ত ব্যয় হয়েছে ০.২৯ কোটি টাকা যা বরাদ্দের ০.০৭%।

৩.০ চলতি (২০২০-২০২১) অর্থ বছরে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়নের জন্য প্রস্তাবিত পাঁচটি প্রকল্প [(১) বঙ্গবন্ধু চা ভবন নির্মাণ; (২) বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সক্ষমতা বৃদ্ধিকরণ; (৩) Addressing the Trade-related Challenges of Bangladesh to Attain the Vision 2041; (৪) ডেভেলপমেন্ট অব স্মল হোল্ডিং টি কাল্টিভিশন ইন গ্রেটার ময়মনসিংহ ও (৫) পার্বত্য চট্টগ্রাম এলাকায় চা চাষ সম্প্রসারণ।] অনুমোদনের প্রক্রিয়াকরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। প্রকল্পভিত্তিক অগ্রগতি ও সিদ্ধান্ত নিম্নে উল্লেখ করা হলো:

**২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ০১ জুলাই ২০২১ থেকে ৩১ জুলাই ২০২১ পর্যন্ত অগ্রগতি**

| ক্র নং | প্রকল্পের নাম, মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | ২০২১-২২ অর্থ বছরের এডিপি বরাদ্দ<br>০১ জুলাই ২০২১-৩১ জুলাই ২০২১ অগ্রগতি (কোটি টাকা ও %) | শুরু থেকে জুলাই ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ও অগ্রগতি (কোটি টাকা ও %) | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১। | বাংলাদেশ চায়না ফ্রেন্ডশীপ এক্সিবিশন সেন্টার নির্মাণ (১ম সংশোধন)<br>(জুলাই ২০১৫-ডিসেম্বর ২০২১)<br>[পিএ-চীন সরকার]<br>মোট: ১৩০৩.৫০<br>জিওবি: ৬৭৭.৮০<br>পিএ: ৬২৫.৭০<br>ইপিবি: ২০২.৮০ | মোট: ৫১.৮৫<br>জিওবি: ২৯.০০<br>পিএ: ০.০০<br>ইপিবি: ২২.৮৫<br>মোট: ০.২০<br>জিওবি: ০.০০<br>পিএ: ০.০০<br>ইপিবি: ০.২০<br>অগ্রগতি: ০.৩৯% | মোট: ৮১৬.২৯<br>জিওবি: ২৯০.৫৬<br>পিএ: ৫২৫.৭৩<br>অগ্রগতি: ৬২.৬২% | (১) প্রকল্পে নতুন সংস্থানকৃত ৬.১০ একর জমিতে ভবন নির্মাণের অবকাঠামোগত নকশা/ ডিজাইন বিষয়ে মাননীয় বাণিজ্য মন্ত্রীর সভাপতিত্বে ১২ মে ২০২১ তারিখে অনুষ্ঠিত সভার দিক নির্দেশনা অনুযায়ী ইপিবি কর্তৃক দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) জমি বরাদ্দ ও রেজিস্ট্রেশন বিষয়ে রাজউক এর সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে |



চলমান পাতা/০২

| ক্র নং | প্রকল্পের নাম, মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | ২০২১-২২ অর্থ বছরের এডিপি বরাদ্দ<br>০১ জুলাই ২০২১-৩১ জুলাই ২০২১ অগ্রগতি (কোটি টাকা ও %) | শুরু থেকে জুলাই ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ও অগ্রগতি (কোটি টাকা ও %) | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ২। | এক্সপোর্ট কম্পিটিটিভনেস ফর জবস্ (জুলাই ২০১৭-জুন ২০২৩)<br>(পিএ: আইডিএ, ডব্লিউবি)<br>মোট: ১০১২.১২<br>জিওবি: ১৭২.১২<br>পিএ: ৮৪০.০০ | মোট: ৩১৫.৭৮<br>জিওবি: ৮.২২<br>পিএ: ৩০৭.৫৬<br>মোট: ০.৬<br>জিওবি: ০.৬<br>পিএ: ০.০০<br>অগ্রগতি: ০.০২% | মোট: ১৮৬.৭২<br>জিওবি: ১২০.৪৭<br>পিএ: ৬৬.২৫<br>অগ্রগতি:<br>১৮.৪৫% | প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার নিমিত্ত সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ৩। | বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রজেক্ট (জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২২)<br>(পিএ: আইডিএ, ডব্লিউবি)<br>মোট: ৭১.২০<br>জিওবি: ৪.৮০<br>পিএ: ৬৬.৪০ | মোট: ২০.৬০<br>জিওবি: ০.৬০<br>পিএ: ২০.০০<br>মোট: ০.০২<br>জিওবি: ০.০২<br>পিএ: ০.০০<br>অগ্রগতি: ০.১১% | মোট: ১৯.৯১<br>জিওবি: ২.৩১<br>পিএ: ১৭.৬০<br>অগ্রগতি:<br>২৭.৯৬% | প্রকল্পের সংশোধিত টিএপিপি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। |
| ৪। | এক্সটেনশন অব স্মল হোল্ডিং টি কাল্টিভেশন ইন দ্যা চট্টগ্রাম হিল ট্রাক্টস (১ম সংশোধন) (জানুয়ারি ২০১৬-ডিসেম্বর ২০২১)<br>মোট: ৯.৯৯<br>জিওবি: ৯.৯৯ | মোট: ১.১০<br>জিওবি: ১.০৩<br>বিটিবি: ০.০৭<br>মোট: ০.০০<br>জিওবি: ০.০০<br>বিটিবি: ০.০০<br>অগ্রগতি: ০% | মোট: ৭.৬০<br>জিওবি: ৭.৬০<br>পিএ: ০.০০<br>অগ্রগতি:<br>৭৬.০৭% | (১) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের জন্য বাংলাদেশ চা বোর্ড ও প্রকল্প পরিচালককে পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। |
| ৫। | ই-বাণিজ্য করবো, নিজের ব্যবসা করব (জুলাই ২০১৮-জুন ২০২২)<br>মোট: ১৪.৫১<br>জিওবি: ১৪.৫১ | মোট: ৮.০০<br>জিওবি: ৮.০০<br>পিএ: ০.০০<br>মোট: ০.০০<br>জিওবি: ০.০০<br>পিএ: ০.০০<br>অগ্রগতি: ০% | মোট: ৫.১৮<br>জিওবি: ৫.১৮<br>পিএ: ০.০০<br>অগ্রগতি:<br>২৮.৭৬% | (১) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(২) অধিক সংখ্যক প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম গ্রহণ করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে। |
| ৬। | এক্সপোর্ট ডাইভারসিফিকেশন এন্ড কম্পিটিটিভনেস ডেভেলপমেন্ট প্রজেক্ট (EIF Tier-II) (আগস্ট ২০১৮-জুলাই ২০২১) [পিএ-ডব্লিউটিও]<br>মোট: ৯.৯৫<br>জিওবি: ১.০১<br>পিএ: ৮.৯৪ | মোট: ৪.৪৯<br>জিওবি: ০.০০<br>পিএ: ৪.৪৯<br>মোট: ০.০০<br>জিওবি: ০.০০<br>পিএ: ০.০০<br>অগ্রগতি: ০% | মোট: ০.৫২<br>জিওবি: ০.১৯<br>পিএ: ০.৩৩<br>অগ্রগতি: ৫.২৫% | প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ডব্লিউটিও সেল এবং প্রকল্প পরিচালককে সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করতে হবে। |



চলমান পাতা/০৩

| ক্র নং | প্রকল্পের নাম, মেয়াদ ও প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | ২০২১-২২ অর্থ বছরের এডিপি বরাদ্দ / ০১ জুলাই ২০২১-৩১ জুলাই ২০২১ অগ্রগতি (কোটি টাকা ও %) | শুরু থেকে জুলাই ২০২১ ক্রমপুঞ্জিত ব্যয় ও অগ্রগতি (কোটি টাকা ও %) | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ৭। | ফিজিবিলিটি স্টাডি অন এক্সপোর্ট কম্পেটিটিভনেস অব এগ্রো-প্রোডাক্টস এ্যান্ড জুটগুডস (ECAJ) অব বাংলাদেশ (এপ্রিল ২০২০-জুলাই ২০২১) মোট: ৪.৩০ জিওবি: ৪.৩০ | মোট: ২.৬৬ জিওবি: ২.৬৬ পিএ: ০.০০ / মোট: ০.০০ জিওবি: ০.০০ অগ্রগতি: ০% | মোট: ০.১৪ জিওবি: ০.১৪ পিএ: ০.০০ অগ্রগতি: ৩.২২% | পরিকল্পনা কমিশন কর্তৃক প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি না করায় উদ্ভূত পরিস্থিতিতে পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে। |
| ৮। | টিসিবি'র আপদকালীন মজুদ ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে চট্টগ্রাম, সিলেট ও রংপুর আঞ্চলিক কার্যালয়ের জন্য গুদাম নির্মাণ (জানুয়ারি ২০২০ -ডিসেম্বর ২০২২) মোট: ২৪.৯৫ জিওবি: ২৪.৯৫ | মোট: ৫.০০ জিওবি: ৫.০০ পিএ: ০.০০ / মোট: ০.০০ জিওবি: ০.০০ অগ্রগতি: ০% | মোট: ০.৩৫ জিওবি: ০.৩৫ পিএ: ০.০০ অগ্রগতি: ১.৪০% | (১) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। |
| সংস্থার নিজস্ব অর্থায়নপুষ্ট প্রকল্প: | | | | |
| ৯। | ইরাডিকেশন অব রুরাল পোভার্টি বাই এক্সটেনশন অব স্মল হোল্ডিং টি কাল্টিভেশন ইন লালমনিরহাট (১ম সং) (জুলাই ২০১৫-জুন ২০২১) নিজস্ব: ৪.৮৭ | নিজস্ব: ১.০৩ / নিজস্বঃ ০.০০ অগ্রগতি: ০.০০% / নিজস্বঃ ০.০০ অগ্রগতি: ০.০০% | নিজস্ব: ২.৯৩ অগ্রগতি: ৬০.০৯% | ২য় সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে। |

**বাস্তবায়িতব্য প্রকল্প:**

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১। | বঙ্গবন্ধু চা ভবন নির্মাণ | ৩২৫.০০ | ডিপিপির ওপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা হয়েছে এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক জনবল নির্ধারণ করা হয়েছে। | (১) প্রকল্পের ওপর মাননীয় বাণিজ্য মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা আয়োজন করতে হবে। অনুষ্ঠেয় সভায় বাংলাদেশ চা বোর্ড কর্তৃক একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দিতে হবে। (২) প্রকল্পটির অর্থায়নের ধরন (অনুদান/ইক্যুইটি/ঋণ) নির্ধারণের জন্য পুনরায় অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ২। | বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প | ৯.৮৩ | গত ১১ মার্চ ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে এসপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২৩ মার্চ ২০২১ তারিখে সভার কার্যবিবরণী | (১) এডিপি পর্যালোচনা সভায় উপযুক্ত প্রতিনিধি সংযুক্ত না থাকায়/অংশগ্রহণ না করার বিষয়ে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনে পত্র প্রেরণ করতে হবে। |



চলমান পাতা/০৪

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | | | জারি করা হয়। | (২) এসপিইসি সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ৩। | Addressing the Trade-related Challenges of Bangladesh to Attain the Vision 2041 | জিওবি: ৯৩.৪৪ | প্রকল্প যাচাই কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রণীত টিএপিপি ১৯ মে ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করার পরিপ্রেক্ষিতে পরিকল্পনা কমিশন কর্তৃক কতিপয় পর্যবেক্ষণের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | পরিকল্পনা কমিশনের পর্যবেক্ষণসমূহের আলোকে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিএফটিআই এ পত্র প্রেরণ করতে হবে। |
| ৪। | বৃহত্তর ময়মনসিংহ জেলায় ক্ষুদ্রায়তন চা চাষ সম্প্রসারণ | নিজস্ব (ইসি ফান্ড): ৫.৯৮ | উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত পরিপত্রে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগকে প্রকল্পের ডিপিপি'র ওপর ১৫ দিনের মধ্যে মতামত প্রদানের জন্য ১৭ মে ২০২১ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। গত ০৮ জুন ২০২১ তারিখে ১ম তাগিদপত্র এবং ২৪ জুন ২০২১ তারিখে ২য় তাগিদপত্র দেয়া হয়েছে। পরিকল্পনা কমিশনের মতামত পাওয়া গেছে। | প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়াকরণ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ৫। | পঁচনশীল খাদ্য দ্রব্য মজুদের লক্ষ্যে আধুনিক কোল্ড স্টোরেজ নির্মাণ, বাস্তবায়নকারী সংস্থা: টিসিবি | জিওবি: ১৯২.৩৬ | ডিপিপি প্রণয়ন করা হয়েছে। | কৃষি মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট কর্তৃক বাস্তবায়নাধীন "বাংলাদেশ মসলা জাতীয় ফসলের গবেষণা জোরদারকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় Specialized High-Tech Agriculture Cold Storage for Onion Bulb, Garlic Clove/Bulb, Fresh Ginger and Dried Red Chilli Peppers preservation with DCA System মসলা গবেষণা কেন্দ্রে স্থাপন সম্পন্ন হওয়ার পর এর কার্যকারিতা (Performance) পরীক্ষণের পর এ প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি শুরু করতে হবে। |

চলমান পাতা/০৫

| ক্র নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ৬। | Programme for Sustainability in the Textile and Leather Sector Industry in Bangladesh (STILE) PA: GIZ | PA | গত ১৭ আগস্ট ২০২১ তারিখে টিএপিপি পরিকল্পনা-২ শাখায় পাওয়া গেছে। | প্রকল্পটি অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ৭। | বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সক্ষমতা বৃদ্ধি | জিওবি: ১৩.৮৯ | গত ১২ আগস্ট ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে এসপিইসি সভা অনুষ্ঠিত হয়। গত ১৬ আগস্ট ২০২১ তারিখে সভার কার্যবিবরণী জারি করা হয়। | এসপিইসি সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ৮। | পার্বত্য চট্টগ্রাম এলাকায় চা চাষ সম্প্রসারণ | জিওবি: ৭১.২৭ | সম্পূর্ণ জিওবি অনুদানে বাস্তবায়নের নিমিত্ত প্রণীত ডিপিপি পাওয়া গেছে। এ প্রকল্প বাস্তবায়ন বিষয়ে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ইতিবাচক মতামত পাওয়া গেছে। | প্রকল্পটি বাস্তবায়নের জন্য অর্থায়নের ধরন (অনুদান/ইক্যুইটি/ঋণ) নির্ধারণ বিষয়ে পুনরায় অর্থ বিভাগে প্রস্তাব করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| ৯। | Strengthening Institutional Capacity to enhance IT & ITES Export Project | জিওবি: ৩০.০০ | টিএপিপি প্রণয়ন করা হয়েছে। | টিএপিপি বাস্তবানুগ করার নিমিত্ত রপ্তানি অনুবিভাগ কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। |

৪.০ **বিবিধ সিদ্ধান্ত:**

ক) প্রকল্প সংক্রান্ত ক্রয় পরিকল্পনা এবং বার্ষিক কর্মপরিকল্পনা দ্রুত অনুমোদন করিয়ে ওয়েব সাইটে আপলোড করতে হবে;

খ) প্রতি মাসে কাঙ্খিত অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

গ) প্রকল্প সংশোধনের ক্ষেত্রে প্রকল্পের মেয়াদকাল শেষ হবার অন্তত ০৩ (তিন) মাস পূর্বে সংশোধনের প্রস্তাব প্রক্রিয়াকরণ করতে হবে।

ঘ) প্রকল্পের কোন ধরনের পরিবর্তন ব্যতিরেকে কেবল বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে প্রকল্পের অনুমোদিত মেয়াদকাল সমাপ্তির কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব যুগপৎ পরিকল্পনা কমিশন ও আইএমইডিতে প্রেরণ করতে হবে।

ঙ) প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য নিয়মিতভাবে প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি) এবং প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন কমিটি (পিআইসি) সভা করতে হবে।

৫.০ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি আগামী ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৬.০ অতঃপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
০৭/০৯/২০২১
তপন কান্তি ঘোষ
সচিব